

পূর্ব বর্ধমান জিলা পরিষদ
কোট কম্পাউন্ড, পোঃ-বর্ধমান
জেলা-পূর্ব বর্ধমান, পিন-৭১৩১০১

Phone No.: 0342-2662400 (Office)
Email: zp_bwn@yahoo.com



স্মারক সংখ্যা-পি.বি.জেড.পি./টোল/৯৫৬

তারিখ- ২৪-০৩-২০২৫

নিজ খরচায় অস্থায়ী সেতু নির্মাণ সহ সেতুর উপর দিয়ে পারাপার করা সম্পর্কিত টোল ট্যাক্স
সংগ্রহের প্রকাশ্য নিলামের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, পূর্ব বর্ধমান জিলা পরিষদ-এর অধীন গলসী-২ নং পঞ্চায়েত সমিতির এলাকায় "কুরকুবা তকিপুর (ভায়া বাহির ঘন্যা) সড়কে খরি নদীয় উপর নিজ খরচায় অস্থায়ী সেতু নির্মাণ সহ সেতুর উপর দিয়ে ছোট ছোট যানবাহন, মানুষজন, গবাদি পশু ইত্যাদি দায়বদ্ধতার সঙ্গে পারাপার করার জন্য টোল আদায়ের ইজারা বন্দোবস্তের প্রকাশ্য নিলাম-এর আহ্বান করা যাইতেছে। প্রকাশ্য নিলামে ৩ (তিন) বৎসর অর্থাৎ এপ্রিল'২০২৫ হতে মার্চ'২০২৮ সালের জন্য ইজারা দেওয়া হবে। প্রকাশ্য থাকে যে, প্রত্যেক ডাক দাতাকে ১,৪০০ (এক হাজার চার শত) টাকা জামিন জমা বাবদ জমা রাখিয়া ডাকে অংশগ্রহন করিতে হইবে। সর্বোচ্চ ডাকদাতাকে ডাক শেষ হইবার সাথে সাথে ডাকের সম্পূর্ণ টাকা জমা দিতে হইবে। অন্যথায় জামিন জমার টাকা বাজেয়াপ্ত হইবে। অসফলকারি ডাকদাতাদের জামিন জমার অর্থ জিলা পরিষদের কর্তৃপক্ষের অনুমতিক্রমে ডাক শেষ হবার পর ফেরত দেওয়া হইবে। কোন কারন না দর্শাইয়া জিলা পরিষদ কর্তৃপক্ষ আংশিক বা সামগ্রিক ডাক বাতিল করিতে পারিবেন। পূর্ব বর্ধমান জিলা পরিষদের অনুমোদন বা কার্যাদেশ দেওয়ার পর উক্ত টোলের দখল দেওয়া হইবে। নিম্নে টোলের বিবরণ দেওয়া হল-

সড়কের বিবরণ

:- গলসী-২ নং পঞ্চায়েত সমিতির এলাকায় "কুরকুবা তকিপুর (ভায়া বাহির ঘন্যা) সড়কে খরি নদীয় উপর নিজ খরচায় অস্থায়ী সেতু নির্মাণ সহ সেতুর উপর দিয়ে পারাপার করার জন্য টোলট্যাক্স আদায়"।

প্রকাশ্য নিলামের স্থান, তারিখ ও সময়

:- পূর্ব বর্ধমান জিলা পরিষদ অফিস, ২৫/০৩/২০২৫ তারিখ (মঙ্গলবার), বেলা ১২ ঘটিকা।

বাৎসরিক সর্বনিম্ন ডাক অর্থ

:- ৭০,০০০/-টাকা।

প্রথম বছরের সর্বোচ্চ ডাকের অর্থের উপরে ১০ শতাংশ বৃদ্ধি করে দ্বিতীয় বৎসরের অর্থ ও দ্বিতীয় বছরের বর্ধিত অর্থের উপরে ১০ শতাংশ বৃদ্ধি করে তৃতীয় বছরের লীজ অর্থ প্রতি বৎসরের এপ্রিল মাসে পরিশোধ করিতে হইবে।

সচিব

স্মারক সংখ্যা-পি.বি.জেড.পি./টোল/৯৫৬/৩৬

পূর্ব বর্ধমান জিলা পরিষদ
তারিখ- ২৪-০৩-২০২৫

প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল :- মাননীয় সভাপতি, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/জেলা শাসক, পূর্ব বর্ধমান ও নির্বাহী আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/আর্থিক নিয়ামক ও মুখ্য হিসাব আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/কর্মাধ্যক্ষ (সকল), পূর্ব বর্ধমান জিলা পরিষদ/সচিব, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/জেলা বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/মহকুমা শাসক, বর্ধমান উত্তর ও বর্ধমান দক্ষিণ/সভাপতি, গলসী-২/ভাতার/বর্ধমান-১/আউসগ্রাম-১/আউসগ্রাম-২ পঞ্চায়েত সমিতি/নির্বাহী আধিকারিক, গলসী-২/ভাতার/বর্ধমান-১/আউসগ্রাম-১/আউসগ্রাম-২ পঞ্চায়েত সমিতি/প্রধান, কুড়কুবা, বিলুগ্রাম, বাঘাড়-১ ও ২ গ্রাম পঞ্চায়েত/সহ-বাস্তুকার, পি.এন্ড.আর.ডি., পূর্ব বর্ধমান জিলা পরিষদ/সহ বাস্তুকার, এস্টিমেট সেকসন, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/অতিরিক্ত সহ-সচিব, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/অবর সহ বাস্তুকার, এস্টিমেট সেকসন সহ সকল/ডি.এ. (বাস্তুকার বিভাগ)।

সচিব

স্মারক সংখ্যা-পি.বি.জেড.পি./টোল/৯৫৬/৩৬/২

পূর্ব বর্ধমান জিলা পরিষদ
তারিখ- ২৪-০৩-২০২৫

প্রতিলিপি উপ সচিব / ডি.আই.এ., বর্ধমান জিলা পরিষদ মহাশয়কে ওয়েব সাইট <http://www.burdwanzp.org/> / <http://www.bardhaman.nic.in> -তে সম্প্রচারের জন্য প্রেরিত হল / জিলা পরিষদের নোটিশ বোর্ড -এ প্রকাশ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা যাইতেছে।

সচিব

পূর্ব বর্ধমান জিলা পরিষদ